

আবার একুশ চাই

ডঃ মোহাম্মদ আবদুর রায়যাক

বৎসর ঘুরে এসেছে আবার একুশে ফেব্রুয়ারী -
আকাশ বাতাস শোকে ত্রিয়মান; বেদনার আহাজারি
গুমড়ে মরছে বাঙালীর মনে; থাকুক না যে যেখানে -
আপন বলয়ে, কিংবা প্রবাসে; বিশ্বের সবখানে।

চরাচর আজ মৌন, বিবশ; বরকত, জাব্বার
সালাম, রফিক হারালো কোথায়? আসবে না ফিরে আর?
বাংলা ভাষায় 'মা'কে মা ডাকার অধিকার এনে দিয়ে
রক্ত আখরে নাম লিখে ওরা কোথায় মিলালো গিয়ে?

ওরা কি ভেবেছে সংগ্রাম শেষ? মুক্তি ঘটেছে মা'র?
তাই শুয়ে আছে দূর অজানায়? এদিকে যে হাহাকার
জাগে বাংলায়। জংগীবাদীরা জিহাদের নাম নিয়ে-
ধর্মের নামে করছে বেসাত মানুষেরই খুন দিয়ে।

শান্তিকপোত ছেড়ে গেছে ভয়ে বাংলার নীলাকাশ
বহেনা সেথায় আনন্দধারা, নির্মল সুবাতাস
গিয়েছে হারিয়ে; শ্যামল সবুজ বাংলা মায়ের বুক -
বোমা ও গ্রেনেডে ছিন্নভিন্ন, পালিয়েছে সব সুখ।

কে ঘোঁচাবে বল মায়ের দুঃখ, কে দাঁড়াবে সিনা টান?
কে শোনাবে এই দুঃসময়ে মাকে জীবনের জয়গান?
জাতি হীনবল, জাগাতে ইহায়ে নতুন একুশ চাই-
যে একুশ দেবে নয় প্রত্যয়, আঁধারেতে রোশনাই।

যে একুশে ফের সত্য ন্যায়ের পক্ষে দাঁড়াবে আসি
নতুন সালাম, বরকত আর জাব্বার; অবিনাশী
গান গেয়ে যাবে নতুন রফিক, আলোর মশাল হাতে
দৃষ্ট চরণে সামনে আগাবে সবে মিলে এক সাথে।

আমি আজ সেই নব একুশেরই আগমনী গান গাই;
বজ্র কণ্ঠে উঠুক নিনাদ 'আবার একুশ চাই'।

সিডনী ১৭ ফেব্রুয়ারী